



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৬.১৮.২


তারিখ: ১৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

বিষয়: জেলা পরিষদের কর্মচারীদের নিয়োগ/ পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা নির্ধারণ।

সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার স্মারক ০৫.০০.০০০০.১৭০.১২.০২০.১৪.২০৯, তারিখ: ০১ ডিসেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত কোন পদের নিয়োগ/ পদোন্নতির ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০-এর তফসিলে নির্ধারিত যোগ্যতা অনুসরণীয় হবে। এক্ষেত্রে 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর কিংবা দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণের সুযোগ নেই।

সংযুক্তি: সূত্রস্থ স্মারকের ছায়াপিপি।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বিভাগ।
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগ।
৬. চেয়ারম্যান, জেলা পরিষদ, জেলা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জেলা।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-১ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১২.০২০.১৪.২০৯

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮

০১ ডিসেম্বর ২০২১

বিষয়: জেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি প্রদানের ক্ষেত্রে 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর কিংবা দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণীয় হবে কিনা, এ বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্র: নং- ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৬.১৮-২১১৬, তারিখ: ২৪/১০/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে মতামত দেয়া যাচ্ছে যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'The Typist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978', 'The stenographers and Steno-typists (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978' এবং 'নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩' রহিতপূর্বক 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' জারি করা হয়েছে। ফলে কোনো নিয়োগ বিধিমালার যোগ্যতা অংশে উক্ত রহিতকৃত ৩টি বিধিমালার যে কোনো একটি উল্লেখ থাকলে তা স্বয়ংক্রিয়ভাবে 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' দ্বারা প্রতিস্থাপিত হবে। যে সকল নিয়োগ বিধিমালায় উক্ত বিধিমালার উল্লেখ না করে নিয়োগ পদ্ধতি ও প্রয়োজনীয় যোগ্যতা উল্লেখ রয়েছে, মন্ত্রণালয়/বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর ও দপ্তরকে উক্ত যোগ্যতা অনুযায়ী নিয়োগ/পদোন্নতি প্রদান করতে হবে। যেহেতু 'স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ (সর্বশেষ সংশোধনীসহ)-তে 'নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক' অর্থাৎ অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক পদের নিয়োগ যোগ্যতা উল্লেখ রয়েছে সেহেতু জেলা পরিষদের নিজস্ব চাকুরি বিধিমালার বিধান অনুযায়ী জেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি প্রদান করতে হবে।

ডায়েরী নং- ১০৬
তারিখ: ১১/১২/২০২১
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

| স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর | |
|--|----------------------|
| ১) অতিরিক্ত সচিব | ১) জনপ্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) মণ্ডল উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| ডায়েরী নম্বর: ১০৬ | ৫) উপজেলা অধিশাখা |
| তারিখ: ১১/১২/২০২১ | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |

১-১২-২০২১

দীপংকর বিশ্বাস

যুগ্মসচিব

ফোন: ৯৫১৫৫৫২

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

ইমেইল: info@mopa.gov.bd

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ: ১১/১২/২০২১
নম্বর: ১০৬

অতিরিক্ত সচিব-প্রশাসন/উপসচিব-আইডি
তারিখ: ১১/১২/২০২১
অতিরিক্ত সচিব (প্রশাসন)